গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০৩৬.২০১৮- ৯৬৯ তারিখ: ২৬ আশ্বিন ১৪২৯ / ১১ অক্টোবর ২০২২

বিষয়: ৬৫% কোটায় প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্তকরণ ও পদোন্নতিযোগ্য শিক্ষকদের প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে ৬৫% কোটায় প্রধান শিক্ষ পদে পদোন্নতিযোগ্য শূন্যপদ পূরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দ্রত পদোন্নতি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাসমুহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

১। যে সমস্ত উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতের নিমিত্তে "সমন্বিত গ্রেডেশন ব্যবস্থাপনা" ইউজার ইন্টারফেইজে শতভাগ (১০০%) বিদ্যালয় ও শিক্ষকদের তথ্য এণ্ট্রি ও অনুমোদন হয় নাই, সে সকল উপজেলার তথ্য বিনা ব্যর্থতায় আগামী ২৭/১০/২০২২ তারিখের মধ্যে এণ্ট্রি ও অনুমোদন সম্পন্ন করতে হবে।

২। যে সমস্ত উপজেলা/থানায় শতভাগ (১০০%) এণ্ট্রি ও অনুমোদন সম্পন্ন হয়েছে সে সকল উপজেলার উপজেলা শিক্ষা অফিসারগণ খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রিন্ট করে আপত্তি-নিষ্পত্তির জন্য বিজ্ঞপ্তি আকারে উপজেলা শিক্ষা অফিসের দর্শনীয় স্থানে অথবা নোটিশ বোর্ড এবং সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৩। জ্যেষ্ঠতা তালিকা এর কোন আপত্তি থাকলে তা উপজেলা শিক্ষা অফিসার তিন দিনের মধ্যে আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি সম্পন্ন করবেন যদি কোন আপত্তি না থাকে তাহলে তিন কার্যদিবস পরে চুড়ান্ত খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রিণ্ট করে উপজেলা শিক্ষা অফিসার স্বাক্ষর করবেন।

৪। স্বাক্ষরিত জ্যেষ্ঠতা তালিকা পদোন্নতি যোগ্য (৬৫% কোটায়) শূন্য পদের দেড়গুন (জ্যেষ্ঠতা তালিকা ক্রমানুসারে), বিগত ৫(পাঁচ) বছরের (২০১৭-২০২১ সাল পর্যন্ত) বার্ষিক গোপনীয় অনুবেদন, শিক্ষাগত যোগ্যতার সনদ (শুধুমাত্র এসএসসি) এবং প্রশিক্ষণ সনদ (সি-ইন-এড/ডিপ-ইন এড/বি-এড/এম-এড) চেকলিষ্ট অনুযায়ী সংশ্লিস্ট অন্যান্য তথ্যাদি ও প্রত্যয়নসমুহ সংযোজন করে ০৩/১১/২০২২ তারিখের মধ্যে সংশ্লিস্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন।

৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে সকল তথ্য যাচাই পূর্বক খসড়া জ্যেষ্ঠতা তালিকা স্বাক্ষর করে তিন প্রস্ত (সকল কাগজপত্র সহ) বিশেষ বাহক মারফত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপরেশন বিভাগে প্রেরণ করবেন।

এই নির্দেশনার ব্যতয় ঘটলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

সংযুক্তি: ১। চেকলিষ্ট
২। পদ বিন্যাস ছক

(মনীষ চাকমা)
(যুগ্ম-সচিব)
পরিচালক (পলিসি ও অপারেশন)
ফোন: ০২-৫৫০৭৪৯১৮
ই-মেইল: dirpolicydpe@gmail.com

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট
ই-মেইল: dpeosylhe@gmail.com

স্মারক নং: ৩৮.০১.৯১০০.০০০.১৮.১১৭.১৯. ১৯৩৮(১৩) তারিখ: ১১.১০.২০২২ খ্রি।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপজেলা শিক্ষা অফিসার, (সকল)------------------------------,সিলেট-মূল পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২। সংরক্ষণ নথি।

সাখাওয়াত এরশেদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চ.দা.)
সিলেট

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তরের ২য় শ্রেণির পদে পদোন্নতির প্রস্তাব বিবেচনার নিমিত্ত প্রয়োজনীয় তথ্যের চেকলিস্ট।

মন্ত্রণালয়/বিভাগের নাম : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

অধিদপ্তর/পরিদপ্তরের নাম : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

ক) পদোন্নতি সংক্রান্ত সাধারণ তথ্যাবলী:

১। পদোন্নতির জন্য প্রস্তাবিত পদের নাম ও বেতন স্কেল :

২। পদোন্নতিযোগ্য শূন্য পদের সংখ্যা :

৩। পদোন্নতির জন্য প্রস্তাবিত পদ সংখ্যা :

৪। ফিডার পদ/পদসমূহের নাম ও বেতন স্কেল :

৫। ফিডার পদধারীদের মধ্যে প্রস্তাবিত প্রার্থীর সংখ্যা :

খ)পদোন্নতি সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাবলী:

| ক্র.নং | প্রয়োজনীয় তথ্য/কাগজপত্র | প্রয়োজনীয় তথ্য/কাগজপত্র আছে/নেই | পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পূর্ণাঙ্গ নিয়োগ বিধির গেজেটের মূলকপি/সত্যায়িত ফটোকপি | | | |
| ২ | যথাযথভাবে পূরণকৃত নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল-স্বাক্ষর সম্বলিত পিএসসি কর্তৃক নির্ধারিত পদবিন্যাস ছক | | | |
| ৩ | নিয়োগবিধি অনুযায়ী সকল ফিডার পদধারীর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল ও স্বাক্ষর সম্বলিত জ্যেষ্ঠতা তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে দালিলিক প্রমানসহ) | | | |
| ৪ | জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত সরকারের প্রকাশিত সকল বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণ করে জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়েছে মর্মে কর্তৃপক্ষের প্রত্যায়নপত্র | | | |
| ৫ | প্রস্তাবিত প্রার্থী/প্রার্থীগণ ব্যতীত জ্যেষ্ঠতা তালিকায় আর কোন ফিডার পদধারী নেই মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যায়নপত্র | | | |
| ৬ | প্রস্তাবিত প্রার্থী/প্রার্থীদের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/ফৌজদারী মামলা/দুদকের মামলা নেই বা ইতঃপূর্বে এ ধরণের কোন মামলায় শাস্তিপ্রাপ্ত নন এ মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যায়নপত্র | | | |
| ৭ | প্রস্তাবিত প্রার্থী/প্রার্থীদের পূর্ববর্তী ৫ বছর অথবা নিয়োগবিধির শর্তানুসারে যাচিত অভিজ্ঞতার সময়কালের মধ্যে যেটি কম সে সময়ের বার্ষিক গোপনীয় অনুবেদন | | | |
| ৮ | প্রস্তাবিত প্রার্থী/প্রার্থীদের বার্ষিক গোপনীয় অনুবেদনে ত্রুটি/বিচ্যুতি, বিরূপ মন্তব্য আছে কী না | | | |
| ৯ | বার্ষিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য থাকলে নিয়ম অনুযায়ী সে বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত সম্বলিত অফিস আদেশের সত্যায়িত কপি (সংশ্লিষ্ট অনুবেদনে কর্তৃপক্ষের সিদ্ধান্ত লিপিবদ্ধ থাকতে হবে) | | | |
| ১০ | পদোন্নতির জন্য আবশ্যকীয় প্রশিক্ষণ /পরীক্ষা ইত্যাদি সফলভাবে সম্পন্ন হয়েছে কী না (প্রযোজ্য ক্ষেত্রে) | | | |
| ১১ | ফিডার পদে প্রয়োজনীয় সময়কালের অভিজ্ঞতা আছে কী না | | | |
| ১২ | একই ফিডার পদ থেকে একাধিক উচ্চতর পদে পদোন্নতির সুযোগ থাকলে সে ক্ষেত্রে ফিডার পদধারীর পছন্দক্রম সম্বলিত তথ্য | | | |
| ১৩ | কোন প্রস্তাবিত পদ পূরণ সংক্রান্ত বিষয়ে আদালতে কোন মামলা চালু/আদালতের নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ আছে কী না; থাকলে আদালতের আদেশের সত্যায়িত কপি | | | |
| ১৪ | প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগবিধির শর্তানুযায়ী অর্জিত শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সনদের সত্যায়িত কপি | | | |
| ১৫ | সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির ক্ষেতে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের মঞ্জুরীকৃত পদ সংখ্যা | | | |

# পদবিণ্যাস ছক

**পদেরনাম : প্রধান শিক্ষক**

জেলার নাম : ..........................

উপজেলার নামঃ..........................

| ক্রমিক | উপজেলা/থানার নাম | সৃষ্ট পদেরসংখ্যা | সরাসরিপন্থায় নিয়োগযোগ্য (৩৫%) পদসংখ্যা | পদোন্নতিপন্থায় নিয়োগযোগ্য (৬৫%) পদসংখ্যা | সরাসরিপন্থায় কর্মরত (৩৫%) পদসংখ্যা | পদোন্নতিপন্থায় কর্মরত (৬৫%) পদসংখ্যা | সরাসরিপন্থায় শূণ্য (৩৫%) পদসংখ্যা | পদোন্নতিপন্থায় শূণ্য (৬৫%) পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

বি:দ্র: জাতীয়করণকৃত বিদ্যালয়ের আত্মীকরণকৃত প্রধান শিক্ষকগণ সরাসরি কোটায় নিয়োগপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবেন।

উপজেলা শিক্ষা অফিসার
স্বাক্ষর ও সীল।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
স্বাক্ষর ও সীল।

পরিচালক
পলিসি এন্ড অপারেশন

মহাপরিচালক
প্রথমিক শিক্ষা অধিদপ্তর

সচিব